

# পঞ্চায়েতের বোর্ড গঠন শুরু

দীপঙ্কর নন্দী

পঞ্চায়েত বোর্ড গঠন শুরু। আজ পূর্ব মেদিনীপুরে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন। ইতিমধ্যে উত্তরবঙ্গের কয়েকটি জেলা থেকে মঙ্গলবারই গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন করে ফেলেছে তৃণমূল। এবার নির্বাচনে তৃণমূলের আগের সদস্যদের টিকিট দেওয়া হয়নি। এঁদের মধ্যে অনেকেই বিক্ষুব্ধ হয়ে তৃণমূলের প্রার্থীর বিরুদ্ধে নির্দল হিসেবে দাঁড়িয়েছেন। কেউ কেউ জিতেছেন। কেউ আবার তৃণমূল প্রার্থীর কাছে পরাজিত হয়েছেন। এঁদের কোনওভাবেই দলে ফেরত নেওয়া হবে না। মঙ্গলবার উত্তরবঙ্গে যে সব জায়গায় পঞ্চায়েতের বোর্ড গঠন হয়েছে, সেই সব সদস্যরা শপথও নিয়েছেন। দলের রাজ্যসভাপতি এখন দিল্লিতে। তিনি বলেন, '৯ আগস্ট পূর্ব মেদিনীপুরে বোর্ড গঠন হবে। তবে, জেলাপরিষদ করতে হবে ১৬ আগস্টের মধ্যে। একেকটি জেলাকে ভিন্ন দিন দেওয়া হয়েছে। এদিকে, বিজেপি, সিপিএম ও কংগ্রেস থেকে এর মধ্যে কেউ কেউ তৃণমূলে যোগ দিয়েছেন। এঁরা অবশ্য পঞ্চায়েতে জয়ী হয়ে উন্নয়নে সামিল হতে তৃণমূলের সঙ্গে হাত মিলিয়েছেন। ফলে তৃণমূলে ত্রিশঙ্কুর সংখ্যা কমে

আসছে। তৃণমূলেরই এক নেতা জানান, সব জেলা পরিষদই তৃণমূলের দখলে থাকবে। কোনও জেলা পরিষদ হাতছাড়া হওয়ার সম্ভাবনা নেই। রাজ্য নেতারা ইতিমধ্যে জেলা নেতাদের কাছ থেকে খবর নিয়েছেন। জেলার নির্বাচনের জন্য জেলা সভাপতিদের দায়িত্ব দেওয়া হয়েছে। গ্রাম পঞ্চায়েত পঞ্চায়েত অফিসে হচ্ছে, পঞ্চায়েত সমিতির বোর্ড বিডিও অফিসে করা হচ্ছে। তৃণমূলের বোর্ড গঠন নিয়ে কোথাও কোনও অশান্তি হয়নি। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেই দিয়েছেন। পঞ্চায়েত বোর্ড যেন শান্তিপূর্ণভাবে তৈরি হয়। ১৬ আগস্টের মধ্যে বোর্ড শেষ করতে হবে। আগস্টের মাঝামাঝি থেকে এলাকার উন্নয়নের কাজ শুরু করতে হবে। কিছু কাজ এখনও বাকি রয়েছে। যারা বোর্ডে আসছেন, তারা এই অসমাপ্ত কাজ সম্পূর্ণ করবেন। ইতিমধ্যে মুখ্যমন্ত্রী নতুন রাস্তা তৈরি করার প্রকল্প নিয়েছেন। নির্বাচনের সময় কিছু কাজ বন্ধ ছিল। আবার রাস্তা তৈরি কাজ শুরু হবে। পঞ্চায়েত সদস্যদের এই কাজে সামিল হতে বলা হয়েছে। এ-ও বলা হয়েছে, পঞ্চায়েতে অনেক টাকা আসে। সেই টাকা দিয়ে এলাকার উন্নয়ন করতে হবে। এবার অনেক নতুন মুখ গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদে আসছেন।